



গণঅধিকার পরিষদের নতুন মুখপাত্র আবু হানিফ



গণঅধিকার পরিষদের মুখপাত্র আবু হানিফ। ছবি: সংগৃহীত

গণঅধিকার পরিষদের (জিওপি) নতুন মুখপাত্র হিসেবে দায়িত্ব পেয়েছেন দলের উচ্চতর পরিষদের সদস্য আবু হানিফ। শনিবার (৪ জুলাই) দলের দপ্তর সম্পাদক সৈয়দ মাহবুবুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দলের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করতে সভাপতি মো. নুরুল হক নুর ও সাধারণ সম্পাদক হাসান আল মামুনের অনুমোদনের ভিত্তিতে আবু হানিফকে এ দায়িত্ব দেওয়া হয়েছে।

নতুন দায়িত্ব অনুযায়ী, এখন থেকে দলীয় নীতি, বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত এবং সমসাময়িক বিষয়ে গণঅধিকার পরিষদের পক্ষে আনুষ্ঠানিক বক্তব্য ও প্রতিক্রিয়া গণমাধ্যমে তুলে ধরবেন তিনি।

দলের পক্ষ থেকে জানানো হয়, আবু হানিফ দীর্ঘদিন ধরে সংগঠনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছেন। বর্তমানে তিনি গণঅধিকার পরিষদের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম উচ্চতর পরিষদের সদস্য হিসেবেও দায়িত্ব পালন করছেন।